

শ্রদ্ধেয় সেতারা হাশেম'কে বলছি

অ ন ত

১লা মে, ২০০৬

প্রথমেই আপনাকে 'মে দিবসের' শুভেচ্ছা জানাচ্ছি। আপনাকে গতকিছু দিন থেকেই কয়েকটি কথা জিজ্ঞেস করবো করবো করে আর হয়ে উঠে নি। আজ একটু অবসর পাওয়াতে, শুরুই করলাম।

আপনার দুটি লেখায় আমার সম্পর্কে কয়েকটি মন্তব্য করেছেন, যা আমার নজরে এসেছে। হয়তো আরো অন্য লেখায়ও করেছেন অথবা করেন নি; আমি নিশ্চিত নই। যাই হোক, প্রথম যে লেখাটি সম্পর্কে আমি বলতে চাচ্ছি, সেটি হলো “অভিযোগের কিছু উত্তর” (<http://www.satrong.org/content/miscellaneous/accusation-setara-mis.pdf>)। উক্ত লেখাটি মূলতঃ আমার “কিছু কথা, কিছু প্রশ্ন” (http://www.mukto-mona.com/Articles/ananta/kichu_kotha220106.pdf) নামক লেখার প্রেক্ষিতে লেখা। এই লেখায় আপনি আমার সম্পর্কে বলতে গিয়ে যেসব বিশেষণ ব্যবহার করেছেন, সেগুলি হলো- শিক্ষিত, মধ্যবিত্ত, প্রবাসী বিজ্ঞানবেত্তা। সত্যিই বলেছেন, মধ্যবিত্ত; তবে আরো একটু সুনির্দিষ্ট করে যদি বলি আমার সম্পর্কে, আমি নিম্ন মধ্যবিত্ত ঘরের সন্তান। এই তথ্যটি আপনার সঠিক। শিক্ষিত (বা শিক্ষাগত যোগ্যতা) বলতে আপনি কতটুকু বুঝাচ্ছেন, আমি জানি না। আমি এখনও শিক্ষার্থী। একাডেমিক পর্যায়ে রয়েছি এখনও। ধরে নিচ্ছি এই তথ্যটিও আপনার সঠিক (যদিও আংশিক)। তবে আমাকে যে আপনি 'প্রবাসী' বললেন, এই তথ্যটি সঠিক নয়। আপনি কী করে নিশ্চিত হলেন আমি প্রবাসে থাকি? আপনি কী প্রমাণ করতে পারবেন আমি প্রবাসী? জেনে শুনে বলেছেন, না কী এমনিই।

আপনার দ্বিতীয় লেখাটি হচ্ছে “ঔদ্ধত্যপূর্ণ মন্তব্য” (http://www.shodalap.com/SH_chala.pdf)। এই লেখায় আপনি শেষের দিকে শ্রদ্ধেয় লেখক ডঃ আ হা জাফর উল্লাহ'কে বলেছেন, “অনন্ত ও শিহাবেরা nom de plume এ লিখছেন, সেখানে তো খান সাহেবের নাতির কোন বক্তব্য নাই।”। আমি বা শিহাব ছদ্মনাম (nom de plume)-এ লিখছি, এই তথ্য আপনাকে কে বা কারা দিলেন বা কিভাবে জেনেছেন, জানতে পারি কী? আমার মনে হয় এ ব্যাপারে সুনির্দিষ্ট তথ্য আপনার কাছে আছে, তাই না? না কী, না জেনেই অনুমান করে বলার জন্য বলা (যাকে আমরা বলি 'প্রলাপ')'র খাতিরে বলেছেন। আপনি যদি এমনি এমনিই (প্রলাপ) লিখে থাকেন, তাতে আমার কিছু বলার লেই। ধরে নেব, আপনি বয়োজ্যেষ্ঠ মুরক্বি মানুষ, এই বয়সে এসে এরকম হ-তে-ই পারে। কিন্তু আপনি যদি স্বজ্ঞানে, সক্ষম চিন্তা-বুদ্ধি দিয়ে লিখে থাকেন, তাহলে আমার বলার কিছু আছে। আপনি কী প্রমাণ করতে পারবেন আমি প্রবাসী, ছদ্মনামে লিখে থাকি? যদিও কেউ ছদ্মনামে লিখলে (শুনা যাচ্ছে যেমনটা আপনি করে থাকেন) আমার কিছু যায় আসে না (লেখকের বক্তব্যটাই আমার কাছে মুখ্য), কিন্তু যে ছদ্মনামে লিখে না তাকে ছদ্মনামের লেখক বানিয়ে দিতে আমার আপত্তি আছে।

আজ থেকে মাস কয়েক আগে, অন্তর্জালের একজন ধীশক্তি সম্পন্ন লেখকের (প্লাস সম্পাদক) সাথে বিতর্কের শেষে উনি আমার অস্তিত্ব নিয়ে সন্দেহ প্রকাশ করেছিলেন এবং ঠাট্টা করে আমাকে গাংচিলের সাথে তুলনা করেছিলেন। অন্তর্জালের আমার এক প্রিয় লেখকের নামের আদ্যক্ষরের সাথে আমার নামের আদ্যক্ষর মিলে যাওয়ার দরুন (সাথে সাথে তিনি আমার ইমেইলের I P address ও চেক করেছিলেন) তিনি আমার ঐ প্রিয় লেখককে ‘ছদ্মনামী অনন্ত’ বলেই ধরে নিয়েছিলেন। সত্যি বলতে কী, বড্ড মজা পেয়েছিলাম তখন; কিন্তু উনার লেখা অন্তর্জালে প্রকাশ করেন নাই দেখে আমিও আর উত্তর দেই নাই। জানি না, আপনিও এরকম করে ভাবতেছেন কী না?

যাই হোক, মূল প্রসঙ্গে ফিরে আসি। প্রয়োজন হলে আমি আমার ঠিকানা, সেলফোন নম্বর প্রভৃতি প্রকাশ করতে রাজি আছি। তবে আপনি আমার সম্পর্কে প্রদত্ত তথ্যাবলি (প্রবাসী, ছদ্মনামের লেখক) প্রমাণ করুন। যদি প্রমাণ করতে ব্যর্থ হন, তাহলে?? বিচারের ভার আপনার মতো বয়োজ্যেষ্ঠ মানুষের হাতে তুলে দিলাম। আমার বিশ্বাস ভদ্রতা, সৌজন্যতাবোধ আমার থেকেও আপনার মধ্যে প্রবলভাবে বিদ্যমান। আপনার উত্তরের প্রত্যাশায় রইলাম।

আপনার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করছি। ভালো থাকবেন। ধন্যবাদ।

বি.দ্র. - শিহাবভাইয়ের সাথে আমি ব্যক্তিগতভাবেই পরিচিত।